

**ঢাকা বিশ্ববিদ্যালয়ের
সকল হলে পরিবেশ
পরিষদ গঠনের সিদ্ধান্ত**

59

আগামী ১৭ই সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার প্রেক্ষাপটে গতকাল শনিবার অনুষ্ঠিত শিক্ষা পরিবেশ পরিষদের সভায় সজ্ঞাস প্রতিরোধের লক্ষ্যে সকল হলে পরিবেশ পরিষদ গঠনের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিয়া সভায় সভাপতিত্ব করেন। সভায় সবাই একমত হন যে, যেহেতু রাজনৈতিক কারণে সজ্ঞাস হয় তাই রাজনৈতিকভাবেই তা নিয়ন্ত্রণ করা সম্ভব। সভায় উপস্থিত বিভিন্ন ছাত্র সংগঠনের প্রতিনিধিরা অস্বীকার করেন যে, সজ্ঞাস প্রতিরোধে কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্তের সাথে তারা সহযোগিতা করবেন। চিহ্নিত সজ্ঞাসবাদীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়ার জন্য আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ করা হয়। সভার অপর এক সিদ্ধান্ত অনুযায়ী ছাত্র সংগঠনগুলো কেন্দ্রীয়ভাবে একটি মনিটরিং কমিটি গঠন করবে এবং এই কমিটি বিশ্ববিদ্যালয় খোলার দিন থেকে অন্তত এক সপ্তাহ প্রতিদিন এবং পরবর্তীতে প্রয়োজনে যে কোন দিন বৈঠক করবে।

যৌথ সভা

উপাচার্যের সভাপতিত্বে গতকাল সকল হলের প্রভোস্ট, আবাসিক শিক্ষক, প্রটর ও সহকারী প্রটরদের যৌথ সভা অনুষ্ঠিত হয়। সভায় ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ বজায় রাখার লক্ষ্যে প্রভোস্ট কমিটিকে সুনির্দিষ্ট প্রস্তাবমালা তৈরীর দায়িত্ব দেয়া হয়। খবর সংবাদ বিজ্ঞপ্তির।